

রেজিস্টার্ড নং ডি এ-১



বাংলাদেশ

গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বুধবার, অক্টোবর ১৬, ২০০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

আদেশ

তারিখ, ২৮শে আশ্বিন ১৪০৯/ ১৩ অক্টোবর ২০০২

এস, আর, ও, নং ২৮২-আইন/২০০২—Imports and Exports (Control) Act, 1950 (XXXIX of 1950) এর section 3(1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার, আমদানি নীতি আদেশ, ১৯৯৭-২০০২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত আদেশ এর—

(ক) অনুচ্ছেদ ২৪ এর উপ-অনুচ্ছেদ (৮) এর পর নিম্নরূপ নতুন উপ-অনুচ্ছেদ (৮ক) সন্নিবেশিত হইবে, যথাঃ—

“(৮ক) সিংগেল ফেজ বৈদ্যুতিক মিটার এবং উহার যন্ত্রাংশ আমদানির জন্য নির্ধারিত শর্তাবলী।— (১) সিংগেল ফেজ বৈদ্যুতিক মিটার (এইচ এস কোড নম্বর ৯০২৮.৩০) সম্পূর্ণ তৈরী অবস্থায় আমদানির ক্ষেত্রে এর মান বি ডি এস ১৩১ঃ১৯৯৮ অনুযায়ী হইতে হইবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এ উল্লিখিত বৈদ্যুতিক মিটারের যন্ত্রাংশ (এইচ এস কোড নম্বর ৯০২৮.৯০) এর মান আমদানি পর্যায়ে পরীক্ষার প্রয়োজন হইবে না।

(৩) উপ-অনুচ্ছেদ (২) এ উল্লিখিত আমদানিকৃত বৈদ্যুতিক মিটারের যন্ত্রাংশ দ্বারা পূর্ণাঙ্গ মিটার প্রস্তুত করিয়া বাজারজাত করিবার পূর্বে উহার মান বি ডি এস ১৩১ঃ১৯৯৮ অনুযায়ী হইতে হইবে এবং উক্ত মান বি এস টি আই কর্তৃক পরীক্ষা করাইতে হইবে।” ; এবং

(খ) পরিশিষ্ট-১ এর (খ) অংশে উল্লিখিত শর্তযুক্ত আমদানিযোগ্য পণ্যের তালিকা শিরোনামাধীন কলাম ১ এ উল্লিখিত এইচ এস হেডিং নং ৯০.২৮ এবং উহার বিপরীতে উল্লিখিত এন্ট্রিসমূহ বিলুপ্ত হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ মোশাররফ হোসেন ভূইয়া
উপ-সচিব।

মোঃ সারোয়ারুজ্জামান (যুগ্ম-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(৪৪৮৭)

মূল্যঃ টাকা ১.০০